JAN. 05

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ২ কলাম ২......

# ছাত্রদল কর্মীদের নকলের সুবিধা দিতে হবে—বরিশাল মেডিক্যাল কলেজে পরীক্ষার হলে ঢুকে অস্ত্র প্রদর্শন

**স্টাফ রিপোর্টার, বরিশাল** ॥ শেরে বাংলা মেডিক্যাল কলেজের পরীক্ষা কেন্দ্র বাতিল হবার শঙ্কা দেখা দিয়েছে। কলেজ ছাত্র সংসদের ভিপির ঔদ্ধত্যের কারণে এমন শঙ্কার সৃষ্টি হয়েছে। কলেজের ভিপি জোর করে পরীক্ষা কেন্দ্রে ঢুকে অস্ত্র প্রদর্শন করে ছাত্রদল কর্মীদের নকল করার সুযোগ দাবি করে। এ ঘটনা ঘটে বিশ্ববিদ্যালয়ের ইনভিজিলেটরদের সামনে। এ ঘটনায় তাঁরা নাখোশ হয়েছেন। এ তথ্য নির্ভরযোগ্য সূত্রের।

সূত্র জানিয়েছে, শেরে বাংলা মেডিক্যাল কলেজে পেশাগত পরীক্ষা চলছে। গত [illegible] এই পরীক্ষা শুরু হয়েছে। পরীক্ষার তৃতীয় দিনে পরীক্ষা শুরু হবার পর পারভেজ রেজা কাকন নামে ছাত্রদলের এক নেতা পরীক্ষা কেন্দ্র থেকে বের হয়ে আধঘণ্টা পর হলে ঢোকে। এর কিছুক্ষণ পর কলেজ ছাত্র সংসদের ভিপি ফারুক আবদুল্লাহ সোহেল ওরফে বি সোহেল অধ্যক্ষ রণজিত কুমার সাহাকে জোর করে তার সঙ্গে নিয়ে হলে প্রবেশ করে। সে হলে ঢুকে হলে শিশু বিভাগের সৈয়দ জাহিদ হোসেন ও সৈয়দ মাইনুদ্দিন আহমেদসহ হলের পরীক্ষকদের কাছে অস্ত্র উঁচিয়ে

(২-পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

## ছাত্রদল কর্মীদের নকলের

(প্রথম পাতার পর)

ছাত্রদল কর্মীদের পরীক্ষায় নকল করার সুযোগ দেবা[illegible] দাবি জানায়। সে প্রায় পনেরো মিনিট হলে অবস্থা[illegible] করাকালে বিশ্ববিদ্যালয়ের ইনভিজিলেটররা হ[illegible] ঢোকেন। তাঁরা হলের এমন পরিস্থিতি দেখে হতভম্ব হ[illegible] যান। ভিপি সোহেল হল থেকে বের হয়ে গে[illegible] পরীক্ষার্থীরা পরিস্থিতির ভয়াবহতা অনুধাবন কর[illegible] পারে। কেননা ইনভিজিলেটররা হলের সকল ছাত্রে[illegible] বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে পারেন। এমনকি পরীক্ষা কেন্দ্রও বাতিল করতে পারেন। পরীক্ষার্থীরা [illegible] কারণে বি সোহেলের পক্ষে গিয়ে তাঁদের কাছে মা[illegible] চেয়ে আসে। বি সোহেল অবশ্য তার এই কৃতকর্মে[illegible] জন্য কোন অনুশোচনা করেনি। ঘটনার সত্যতা সম্পর্কে নিশ্চিত হবার জন্য দু'জন ড্যাব নেতা ও একজ[illegible] শিক্ষকের সাথে যোগাযোগ করা হলে তাঁরাও ঘটনার সত্যতা স্বীকার করেন। নাম প্রকাশ না করার শর্তে তাঁরা জানান, এ পরিস্থিতি কলেজের জন্য বিপদ ডেকে আনতে পারে। অপর একটি সূত্র জানিয়েছে, ঐ ইনভিজিলেটররা কলেজের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেবার জন্য সুপারিশ করতে পারেন।